



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ Comilla Palli Bidyut Samity-4

জেনারেল ম্যানেজার এর কার্যালয়

লাকসাম, কুমিল্লা।

web: www.comillapbs4.org.bd

e-mail: comillapbs4@gmail.com

Phone : 08032-51278

স্মারক নং- ২৭.১২.১৯৭২.৫৭৬.৩০.০৭.১৮. ৩০০২

তারিখঃ ২৮ মে, ২০১৮ খ্রিস্টাব্দ

১৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ

বিষয়ঃ কম্পিউটারাইজড বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র (RFQ)।

অত্র সমিতির দাপ্তরিক প্রয়োজনে কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম সরবরাহের জন্য প্রস্তুতকারী/ সরবরাহকারী প্রতিষ্ঠান হতে নিম্নোক্ত বিবরণ ও শর্তাবলীতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	মালামালের বিবরণ	চাহিদা	একক মূল্য	মোট মূল্য
০১	<p>কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম ও স্পেসিফিকেশন</p> <p>(ক) কম্পিউটার বিদ্যুৎ বিল সমূহ Non-CIS বিলিং এর ক্ষেত্রে চলমান কাগজে (Continuous Paper) তৈরী করতে হবে। চলমান বিদ্যুৎ বিল ফরমের পৃষ্ঠার বামের ও ডানের ষ্ট্রাকচারের এর ছিদ্র সমূহ একটি স্ট্যান্ডার্ড ফরমেটে তৈরী হবে এবং উক্ত ছিদ্র সমূহ স্টার পাঞ্চ (Star Punch) দ্বারা তৈরী করতে হবে। যাহাতে ছিদ্র সমূহে কোন ডাষ্ট (কাগজের উচ্ছিষ্ট অংশ) না থাকে। Non-CIS ক্ষেত্রে ব্যবহৃত কাগজের মান ও সাইজ GSM ৭০ উন্নত মানের অফসেট (সাদা), সাইজ- ৮.৫০"× ১১.০০" (Size Letter) হবে।</p> <p>(খ) কর্তৃপক্ষের অনুমোদিত নমুনা ফরমেট অনুযায়ী উন্নত মানের অফসেট কালি দ্বারা হুবহু প্রিন্টিং ও সরবরাহ করতে হবে।</p> <p>(গ) প্রথম পৃষ্ঠার কিছু আইটেম, মনোগ্রাম, শিরোনাম ও বিজ্ঞপ্তির এবং বিদ্যুৎ বিল পরিশোধের তারিখ সমূহ সকলের দৃষ্টি আকর্ষণের জন্য লাল কালি দ্বারা প্রিন্টিং করতে হবে এবং অন্যান্য অংশ নমুনা মোতাবেক হবে। বিলের উভয় কপিতে উপরের বাম অংশে ভাট রেজিস্ট্রেশন নম্বর ও এলিয়া কোড উল্লেখ থাকবে।। মুদ্রনে অক্ষর সমূহ স্পষ্ট হতে হবে। কম্পিউটার বিদ্যুৎ বিল ফরমের নিরাপত্তা ও বিতরণ হিসাব সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ফরমের প্রথম অংশে উপরে বামদিকে ছয় অংকের একটি ক্রমিক নম্বর থাকবে। বিল ফরমের নীচে আপনার প্রতিষ্ঠানের নাম ও কার্যদেশের স্মারক নং মুদ্রিত করে দিতে হবে।</p> <p>(ঘ) প্রতি প্যাকেটে ২০০০ টি শীট থাকতে হবে। প্যাকিং ব্যতিত মুদ্রিত ও ছিদ্র যুক্ত (কন্টিনিউয়াস পেপার এর ক্ষেত্রে) ২০০০ শীটের ন্যূনতম ওজন ৭০ GSM (প্রতি প্যাকেটে ন্যূনতম ৯.৩৩ কেজি) (সর্বনিম্ন) হবে।</p> <p>সংশ্লিষ্ট দপ্তর প্রয়োজনে কাগজের গুণগতমান ক্রেতার খরচে বিএসটিআই কর্তৃক পরীক্ষা করতে পারবেন। (নমুনা মোতাবেক)</p>	১৭৮ প্যাকেট বা ৩,৫৬,০০০ কপি		

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাদের আগামী ০৪/০৬/২০১৮ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- প্রাপ্ত দরপত্র সমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, অস্থায়ী কার্যালয়, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ০৪/০৬/২০১৮ খ্রিঃ তারিখ সোমবার দুপুর ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- নিজস্ব লেটার হেড প্যাডে উপরোক্ত ছক অনুযায়ী দর উল্লেখপূর্বক দরপত্র দাখিল করতে হবে।
- খামের উপর “কম্পিউটার বিদ্যুৎ বিল ফরম সরবরাহের দরপত্র” স্পষ্টাক্ষরে লিখে প্রতিষ্ঠানের সীলমোহর ও সীলগালাযুক্ত করে দরপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।



“শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ”

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ Comilla Palli Bidyut Samity-4

জেনারেল ম্যানেজার এর কার্যালয়

লাকসাম, কুমিল্লা।

web: www.comillapbs4.org.bd

e-mail: comillapbs4@gmail.com

Phone : 08032-51278

- ০৫। দরপত্রের সহিত হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী সনদ, (সরবরাহকারীর ক্ষেত্রে ছাপা খানার অঙ্গিকারনামা /সনদের) সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৬। দাখিলকৃত বিল হইতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন পূর্বক কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ কর্তৃক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ০৭। কুমিল্লা পবিস-৪ যে কোন ধরনের কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ০৮। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

(মোঃ আবুল কালাম)

জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

অনুলিপিঃ

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, পবিবো, ঢাকা | সদয় অবগতির জন্য।
- ০২। জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কুমিল্লা।
- ০৩। নির্বাহী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, পবিবো, কুমিল্লা।
- ০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার,..... উপজেলা, কুমিল্লা
- ০৬। ডিজিএম, সদরদপ্তর(কারিগরী)/ নাঙ্গলকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- ০৭। সহকারী প্রকৌশলী, প্রকল্প বিভাগ, বাপবিবো, কুমিল্লা →
- ০৮। এজিএম (অর্থ-হিসাব), কুমিল্লা পবিস-৪।
- ০৯। মেসার্স.....।
- ১০। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৪ (জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি) সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা নিবেন)।
- ১১। অফিস নথি/ মাস্টার নথি।

আগামী ০৪/০৬/২০১৮ ইং তারিখ সোমবার বেলা ১২:৩০ ঘটিকায় দরপত্র
খোলার সময় উপস্থিত থেকে মূল্যায়ন কাজে অংশ গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোঃ ইসমাইল হোসেন মজুমদার)

এজিএম(এডমিন/এইচআর)